



# লালমাটিয়া সরকারি মহিলা কলেজ (আবাসিক/অনাবাসিক)

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩ মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০  
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : [www.lalmatiamohilacollege.edu.bd](http://www.lalmatiamohilacollege.edu.bd)

**জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ পারফরমেন্স র্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও মডেল কলেজ হিসেবে স্বীকৃত ঐতিহ্যবাহী লালমাটিয়া সরকারি মহিলা কলেজ**

## প্রথম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের অনার্স (প্রফেশনাল) বিষয় : বিবিএ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ২০/০৯/২০২২ থেকে ১০/১০/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাশ ৩০ অক্টোবর ২০২২ তারিখ থেকে শুরু হবে।

ভর্তির যোগ্যতা: বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৭/২০১৮/২০১৯ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০/২০২১ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৭/২০১৮/২০১৯ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০১৯/২০২০/২০২১ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা অনার্স ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। এছাড়াও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও O-Level পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Professional Tab এ Apply Now (Hons, Professional) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলায় লালমাটিয়া মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য কোর্সের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্বকর্তার সাথে তার প্রার্থিত কোর্স পছন্দক্রমে নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximum file size : 50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। বিস্তারিত জানতে ভিজিট করুন: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) ও কলেজের ওয়েব সাইট ([www.lalmatiamohilacollege.edu.bd](http://www.lalmatiamohilacollege.edu.bd)).

অনার্স (প্রফেশনাল) ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি বাবদ নিট (চার্জ ব্যতীত) ৩০০/- (তিনশত) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে জমা দিতে হবে। বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে অনার্স প্রফেশনাল কোর্সের ভর্তি রোল নম্বর দিতে হবে।

### বিকাশ অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট করবেন:

- ১। বিকাশ অ্যাপ হোমস্ক্রিন থেকে পেমেন্ট সিলেক্ট করে লালমাটিয়া সরকারি মহিলা কলেজ এর বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
- ২। টাকার পরিমাণ দিন ৩০০+৪ (বিকাশ চার্জ) ৩০৪ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৩। রেফারেন্স হিসেবে অনার্স প্রফেশনাল কোর্সের ভর্তি রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৪। পেমেন্ট বিকাশ সম্পন্ন করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন।

### \*২৪৭# ডায়াল করে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:

- ১। \*২৪৭# ডায়াল করুন এবং মেন্যু থেকে ৪ চেপে পেমেন্ট বেছে নিন।
- ২। লালমাটিয়া সরকারি মহিলা কলেজের বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
- ৩। আবেদন ফি বাবদ ৩০০+৪ (বিকাশ চার্জ) ৩০৪/- টাকা এন্ট্রি দিন।
- ৪। রেফারেন্স হিসেবে অনার্স প্রফেশনাল কোর্সের ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৫। কাউন্টার নম্বর ১ লিখে আপনার বিকাশ অ্যাকাউন্ট এর পিন নম্বর দিয়ে সেভ করুন।

এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজে উপস্থিত হয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমা দেয়া যাবে।

কলেজে উপস্থিত হয়ে প্রাথমিক আবেদন ফরম ও ফি (৩০০/- টাকা) ১০ নং কাউন্টারে জমা দেওয়া যাবে। আবেদন ফরমের সাথে এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাসের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

যে সকল শিক্ষার্থী ৩০০/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন হলে শিক্ষার্থীদের মোবাইল নম্বরে SMS যাবে। এছাড়াও [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) এ Applicant Login গিয়ে রোল নম্বর ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে কি না তা জানা যাবে।

অধ্যক্ষ ২০.১০.২২

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা।

১৪  
২০.১০.২০২১